



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, পাট অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৬
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৭

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪ এর আলোকে পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, পাটচাষ সম্প্রসারণ, গুণগতমান উন্নয়ন, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা, পাট ও পাটজাত পণ্যের ব্যবসা তদারকি ও নিয়ন্ত্রণ প্রভৃতি কার্যক্রম পরিচালনা করা হয়েছে। বিগত ৩ (তিন) বছরে পাট আইন, ২০১৭ এর অধীন ৪০৮৮৯ সংখ্যক লাইসেন্স ইস্যু ও নবায়নের মাধ্যমে প্রায় ১২ কোটি ৮৬ লক্ষ টাকা রাজস্ব আয় হয়েছে। কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানির মাধ্যমে পরিদর্শন ফি খাতে ননট্যাক্স রেভিনিউ বাবদ রাজস্ব খাতে জমা হয়েছে ১১ কোটি ৭১ লক্ষ টাকা। “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” এর অধীনে প্রণীত বিধিমালার তফসিলে ১৯টি পণ্য (ধান, চাল, গম, ভূট্টা, সার, চিনি, মরিচ, হলুদ, পেঁয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা, তুষ-খুদ-কুড়া, পোল্ট্রি ফিড ও ফিস ফিড) মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। বিগত ৩(তিন) বছর ৩৬৪৯টি ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ২ কোটি ৫২ লক্ষ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে। উক্ত আইন বাস্তবায়নের ফলে প্রতি বছর অভ্যন্তরীণ বাজারে ১৯০ কোটি পাটের বস্তার চাহিদা সৃষ্টি হয়েছে। অভ্যন্তরীণ বাজারে সরকারী/বেসরকারী পাটকলে উৎপাদিত পাটের বস্তার মধ্যে প্রতি বছর প্রায় ৩০-৩৫ কোটি ব্যবহৃত হয়েছে। পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধী “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছর পর্যন্ত দেশের ৪৬টি জেলার ২৩০টি উপজেলায় ১০১০৮ জন পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান এবং পাট ও পাটবীজ উৎপাদনের নিমিত্ত ১০ লক্ষ ৭১ হাজার জন পাটচাষীকে বিনামূল্যে সার, বীজ ও কীটনাশক প্রদান করা হয়েছে। লাইসেন্স প্রদানে মোবাইল এ্যাপস (সোনালী আঁশ) কার্যকর করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মাঠ পর্যায়ে পাট অধিদপ্তরের অফিসসমূহ ভাড়া বাড়িতে পরিচালনা; ৩টি পরীক্ষাগারের যন্ত্রপাতি ও ভবনের সংস্কার/আধুনিকীকরণ না হওয়া; পাট উৎপাদনে উন্নত পাটবীজের আমদানি নির্ভরতা; ২২টি জেলায় পাট অধিদপ্তরের অফিস সেট-আপ ও জনবল না থাকা; পাট ও পাটজাত পণ্যে অন্যান্য কৃষি পণ্যের ন্যায় ভূতুকি না পাওয়া; পাট, পাটবীজ, পাট চাষযোগ্য জমি, পাটচাষীগণের প্রকৃত সংখ্যা বিষয়ে প্রাতিষ্ঠানিক জরিপ ও তথ্য ভাঙার না থাকা এবং নানাবিধ কারণে প্রাকৃতিক জলাধার সংকুচিত হওয়ায় পাট পচনে পর্যাপ্ত পানির স্বল্পতা। শূন্যপদে জনবল নিয়োগ করতে না পারা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

পাটচাষীদের প্রশিক্ষণ প্রদান এবং পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ে ৬৪ জেলায় পাট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন; পাট আইন ২০১৭ এর চূড়ান্ত পাট বিধিমালা ২০২১ প্রণয়ন; পাট অধিদপ্তরের আওতাধীন ‘উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়ন; পাটবীজ উৎপাদনে স্বয়ংস্বল্পতা অর্জন; জনবলের দক্ষতা বৃদ্ধি; অনলাইনের মাধ্যমে লাইসেন্স ইস্যু ও নবায়ন কার্যক্রম বাস্তবায়ন; ৩টি পরীক্ষাগার আধুনিকীকরণ এবং পাট ও পাটপণ্যের উৎপাদন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুসরণে পাটের মাধ্যমে রপ্তানি বহুমুখীকরণ এবং পাট উৎপাদনে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিকরণ।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৩৫০ দক্ষ জনবল তৈরি করা; ৮৫০টি মোবাইল কোর্ট পরিচালনা করা; পাট ও পাটজাত পণ্যের ১৪০০০ লাইসেন্স ইস্যু ও নবায়ন; প্রকল্পের মাধ্যমে ৪৫,০০০ জন পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান, চাষীদের মধ্যে ৫৫০ মে: টন বীজ বিতরণ, ৫৩০ মে: টন উফসী পাটবীজ উৎপাদন এবং ১৩.৫০ লক্ষ বেল মানসম্মত তোষা পাট উৎপাদন; অভ্যন্তরীণ বাজারে ১৯০ কোটি পাটের বস্তার বর্তমান থেকে চাহিদা বৃদ্ধি করা এবং পাটের ব্যাগের ব্যবহারে কাহ@Ki পদক্ষেপ গ্রহণ; ৭৫০টি হাট-বাজার এবং ১১০০টি পাটকল পরিদর্শন; ১৫০টি উদ্বুদ্ধকরণ সভা ও কর্মশালার আয়োজন করা; ৮০,০০০টি পোস্টার ও লিফলেট বিতরণ এবং ১৩০০টি পাট পণ্যের নমুনা পরীক্ষা করা; এবং সোনালী আঁশ এ্যাপস কার্যকর করা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, পাট অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

প্রতিযোগিতা সক্ষম টেকসই পাটখাত।

১.২ অভিলক্ষ্য (Mission)

পাটচাষী, পাটকল ও ব্যবসায়ীদেরকে সহায়তা প্রদানের মাধ্যমে পাট ও পাটজাত পণ্যের ব্যবহার ও ব্যবসা সম্প্রসারণ।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. পাট ও পাটজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি;
২. আইন ও বিধিমালা প্রয়োগ জোরদারকরণ;
৩. পাট ও পাটজাত পণ্যের ব্যবসায় সহযোগিতা প্রদান;
৪. মানবসম্পদ উন্নয়ন;
৫. পাটখাতে বিনিয়োগ সুযোগ সম্প্রসারণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট)রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন;
২. পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ প্রয়োগ ও বাস্তবায়ন;
৩. পাটখাতের উন্নয়নে সকল প্রকার আইন, বিধি ও নীতিমালা প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান এবং পাট আইন, ২০১৭ এর চূড়ান্ত পাট বিধিমালা, ২০২১ প্রণয়ন;
৪. পাট ও পাটজাত পণ্য ব্যবসায় বিভিন্ন প্রকার লাইসেন্স প্রদান;
৫. পাট আবাদি জমির পরিমাণ, পাট উৎপাদনের পূর্বাভাস ও পূর্ববর্তী বছরের তুলনামূলক পরিসংখ্যান সংগ্রহ, সংকলন, সরবরাহ ও সংরক্ষণ;
৬. রপ্তানিযোগ্য পাটজাত পণ্যের বাধ্যতামূলক মান পরিদর্শন, পরীক্ষণ ও মানসম্পন্ন পণ্য উৎপাদনে পাটকলসমূহকে সহায়তা প্রদান;
৭. মানব সম্পদ উন্নয়নে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান;
৮. প্রকল্পের আওতায় মানসম্মত উচ্চ ফলনশীল পাটবীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ। পাট চাষের উন্নয়ন এবং পাট চাষীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও সহায়তা প্রদান। পাট চাষীদেরকে প্রশিক্ষণ প্রদান ও উদ্বুদ্ধকরণ; এবং
৯. সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলী এবং বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়ন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা ২০২২-২৩	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৩-২০২৪	২০২৪-২০২৫		
পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধিতে অবদান।	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ প্রয়োগ ও বাস্তবায়ন।	সংখ্যা /কোটি	৩৩.৫০	৩৪.৫৮	৩৫.০০	৩৫.২৫	৩৫.৫০	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জেলা/উপজেলা প্রশাসন, বিজেএমএ, বিজেএসএ, চালকল ও চাউল ব্যবসায়ী সমিতি।	বার্ষিক প্রতিবেদন, পাট অধিদপ্তর।
মানসম্মত পাট উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে ও বিশ্ব বাজারে চাহিদা পূরণ করা	পাট আইন, ২০১৭ প্রয়োগ ও বাস্তবায়ন	লক্ষবেল	১২.৮৯	১৩.০০	১৩.৫০	১৩.৭৫	১৪.০০	কৃষি মন্ত্রণালয়, ডিএই, বিএডিসি, বিজেআরআই এবং জেলা/উপজেলা প্রশাসন	বার্ষিক প্রতিবেদন, পাট অধিদপ্তর।
লক্ষ্যমাত্রা মোতাবেক পাটবীজ উৎপাদন করা	পাট আইন, ২০১৭ প্রয়োগ ও বাস্তবায়ন	মে:টন	৫০০	৬৪২.১৪	৫৩০	৫৫০	৫৭৫	কৃষি মন্ত্রণালয়, ডিএই, বিএডিসি, বিজেআরআই এবং জেলা/উপজেলা প্রশাসন,	বার্ষিক প্রতিবেদন, পাট অধিদপ্তর।

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] পাট ও পাটজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি;	২৩	[১.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন	[১.১.১] উচ্চ ফলনশীল জাতের ভিত্তি ও প্রত্যাশিত পাটবীজ সংগ্রহ ও বিতরণ	সমষ্টি	মেঃটন	২	৫০১	৫৮৭.০৫	৫৫০	৪৯৫	৪৪০	৩৮৫	৩৩০	৫৭৫	৬০০
			[১.১.২] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন	সমষ্টি	মেঃটন	১	৫০৭	৬৪২.১৪	৫৩০	৪৭৭	৪২৪	৩৭১	৩১৮	৫৫০	৫৭৫
			[১.১.৩] মানসম্মত উচ্চ ফলনশীল তোষা পাট উৎপাদন	সমষ্টি	লক্ষ বেল	১	১২.৮৯	১৩	১৩.৫০	১২.১৫	১০.৮০	৯.৪৫	৮.১০	১৩.৭৫	১৪.০০
		[১.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০, এবং বিধিমালা, ২০১৩ এর প্রয়োগ ও বাস্তবায়ন	[১.২.১] পরিচালিত মোবাইল কোর্ট	সমষ্টি	সংখ্যা	১০	১৩৯১	১২০০	৮৫০	৭৬৫	৬৮০	৫৯৫	৫১০	৯০০	৯৫০
			[১.২.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/ হাটবাজারে উদ্বুদ্ধকরণ সভা/ কর্মশালা	সমষ্টি	সংখ্যা	৫	৬৫৪	১৬০	১৫০	১৩৫	১২০	১০৫	৯০	১৭৫	২০০
		[১.৩] প্রচার কার্যক্রম পরিচালনা	[১.৩.১] পোস্টার ও লিফলেট বিতরণ	সমষ্টি	সংখ্যা	৩	৭৬৯৫৫	৮৫০০০	৮০০০০	৭২০০০	৬৪০০০	৫৬০০০	৪৮০০০	৮৫০০০	৯০০০০
			[১.৩.২] প্রকাশিত গণবিজ্ঞপ্তি	সমষ্টি	সংখ্যা	১	৩১	৫০	৩০	২৭	২৪	২১	১৮	৩২	৩৪

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫	
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র																
[২] আইন ও বিধিমালা প্রয়োগ জোরদারকরণ;	১৮	[২.১] পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন	[২.১.১] হাট বাজার পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৭	১৮৭০	১০০০	৭৫০	৬৭৫	৬০০	৫২৫	৪৫০	৭৭৫	৮০০	
			[২.১.২] ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধে পরিচালিত অভিযান	সমষ্টি	সংখ্যা	৪	৭০২	১৫০	১২০	১০৮	৯৬	৮৪	৭২	১৩০	১৪০	
			[২.১.৩] উর্ধ্বতন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৪	১৮৬	১০০	৯০	৮১	৭২	৬৩	৫৪	৯৫	১০০	
			[২.১.৪] বেলিং সেন্টার পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	৩	২৫৮	১৭৫	১৮০	১৭১	১৪৪	১২৬	১০৮	২০০	২২০	
[৩] পাট ও পাটজাত পণ্যের ব্যবসায় সহযোগিতা প্রদান;	১২	[৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান	[৩.১.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স ইস্যু ও নবায়ন	সমষ্টি	সংখ্যা	৬	১৩৮৭৬	১৫১০০	১৪০০০	১২৬০০	১১২০০	৯৮০০	৮৪০০	১৪৫০০	১৫০০০	
			[৩.২] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি	[৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন	গড়	%	২	৯৯	৯৯	৯৬	৮৬	৭৭	৬৭	৫৮	৯৭	৯৮
			[৩.৩] পাটকল পরিদর্শন	[৩.৩.১] পাটকল পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	২	১১৬৫	১১০০	১০০০	৯০০	৮০০	৭০০	৬০০	১০৫০	১১০০
			[৩.৪] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা	[৩.৪.১] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা	সমষ্টি	সংখ্যা	২	১৭৮৭	১৩৫০	১৩০০	১১৭০	১০৪০	৯১০	৭৮০	১৩৫০	১৪০০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৪] মানবসম্পদ উন্নয়ন;	১২	[৪.১] প্রশিক্ষণ প্রদান	[৪.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাটচাষি	সমষ্টি	চাষী সংখ্যা	৭	১৮০০০	৪০০০০	৪৫০০০	৪০৫০০	৩৬০০০	৩১৫০০	২৭০০০	৪৭৫০০	৫০০০০
			[৪.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক বিভিন্ন বিষয় এবং এপিএ- এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ইন-হাউজ প্রশিক্ষণ/কর্মশালা	সমষ্টি	জন	৫	৪৪৭	৬০০	৩৫০	৩১৫	২৮০	২৪৫	২১০	৩৭৫	৪০০
[৫] পাটখাতে বিনিয়োগ সুযোগ সম্প্রসারণ।	৫	[৫.১] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সভা/ সেমিনার আয়োজন	[৫.১.১] আয়োজিত সভা/সেমিনার/ স্টেকহোল্ডার সভা	সমষ্টি	সংখ্যা	৫	১০	২০	১২	১১	১০	৮	৭	১৪	১৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩					প্রক্ষেপণ ২০২৩-২০২৪	প্রক্ষেপণ ২০২৪-২০২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, পাট অধিদপ্তর, সচিব, বঙ্গ ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বঙ্গ ও পাট মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, পাট অধিদপ্তর-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.....
মহাপরিচালক
পাট অধিদপ্তর

.....
তারিখ

.....
সচিব
বঙ্গ ও পাট মন্ত্রণালয়

.....
তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	জেডিপিসি	জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
২	ডিএই	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৩	পা/অ	পাট অধিদপ্তর
৪	বিএডিসি	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
৫	বিজেআরআই	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
৬	বিজেএ	বাংলাদেশ জুট এসোসিয়েশন
৭	বিজেএমএ	বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন
৮	বিজেএমসি	বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন
৯	বিজেএসএ	বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন
১০	বিজেজিইএ	বাংলাদেশ জুট গুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন
১১	বিপিএটিসি	বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
১২	বিসিসি	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন	[১.১.১] উচ্চ ফলনশীল জাতের ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ সংগ্রহ ও বিতরণ	প্রকল্প কার্যালয়	প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, জেলা/উপজেলা ভিত্তিক মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক পাটবীজ বিতরণের বিবরণ। বিএডিসি'র নিকট হতে পাটবীজ সংগ্রহের কর্মপরিকল্পনা।
	[১.১.২] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন	প্রকল্প কার্যালয়	প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, জেলা/উপজেলা ভিত্তিক মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক পাটবীজ উৎপাদনের বিবরণ
	[১.১.৩] মানসম্মত উচ্চ ফলনশীল তোষা পাট উৎপাদন	প্রকল্প কার্যালয়	প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, জেলা/উপজেলা ভিত্তিক মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক পাট উৎপাদনের বিবরণ
[১.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০, এবং বিধিমালা, ২০১৩ এর প্রয়োগ ও বাস্তবায়ন	[১.২.১] পরিচালিত মোবাইল কোর্ট	পাট অনুবিভাগ, সংশ্লিষ্ট শাখা এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন	মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন ও স্বাক্ষরিত প্রসিকিউশনের কপি।
	[১.২.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ সভা/ হাটবাজারে উদ্বুদ্ধকরণ সভা/ কর্মশালা	পাট অনুবিভাগ ও সংশ্লিষ্ট শাখা	সভার নোটিশ, উপস্থিতির হাজিরা ও ছবিসহ প্রতিবেদন
[১.৩] প্রচার কার্যক্রম পরিচালনা	[১.৩.১] পোস্টার ও লিফলেট বিতরণ	সাধা: ও স্টোর শাখা	মাঠ পর্যায়ে পোস্টার ও লিফলেট বিতরণের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
	[১.৩.২] প্রকাশিত গণবিজ্ঞপ্তি	সাধা: ও স্টোর শাখা	পত্রিকা/ম্যাগাজিনে প্রকাশিত গণবিজ্ঞপ্তির মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[২.১] পাট আইন, ২০১৭ এবং দি জুট (লাইসেন্সিং এন্ড এনফোর্সমেন্ট) রুলস, ১৯৬৪ প্রয়োগ ও বাস্তবায়ন	[২.১.১] হাট বাজার পরিদর্শন	পাট অনুবিভাগ, সংশ্লিষ্ট শাখা ও মাঠ পর্যায়ের এডি ও সিআই কার্যালয়	নির্ধারিত ছকে মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
	[২.১.২] ভিজা পাট ক্রয় ও বিক্রয় প্রতিরোধে পরিচালিত অভিযান	পাট অনুবিভাগ, সংশ্লিষ্ট শাখা ও মাঠ পর্যায়ের এডি ও সিআই কার্যালয়	নির্ধারিত ছকে মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
	[২.১.৩] উর্ধ্বতন কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন	প্রশাসন/পাট অনুবিভাগ, সংশ্লিষ্ট শাখা এবং জেলা পর্যায়ের কার্যালয়	ভ্রমনসূচী/ভ্রমন বিবরণী ও পরিদর্শন প্রতিবেদন
	[২.১.৪] বেলিং সেন্টার পরিদর্শন	পাট অনুবিভাগ, পাট অধিশাখা ও মাঠ পর্যায়ের এডি ও সিআই কার্যালয়	নির্ধারিত ছকে মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান	[৩.১.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স ইস্যু ও নবায়ন	পাট অধিশাখা, লাইসেন্স শাখা ও মাঠ পর্যায়ের এডি ও সিআই কার্যালয়	মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৩.২] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান আবেদন নিষ্পত্তি	[৩.২.১] নিষ্পত্তিকৃত আবেদন	পাট অধিশাখা, লাইসেন্স শাখা ও মাঠ পর্যায়ের এডি ও সিআই কার্যালয়	লাইসেন্স গ্রহনকারীর আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৩.৩] পাটকল পরিদর্শন	[৩.৩.১] পাটকল পরিদর্শন	পরিদর্শন অধিশাখা, লাইসেন্স শাখা, মাঠ পর্যায়ের এডি (পরিদর্শন) কার্যালয়	যথাযথ প্রমাণকসহ মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.৪] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা	[৩.৪.১] পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা	পরিক্ষণ অধিশাখা, লাইসেন্স শাখা, মাঠ পর্যায়ের এডি (পরিক্ষণ) কার্যালয়	যথাযথ প্রমাণকসহ মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৪.১] প্রশিক্ষণ প্রদান	[৪.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাটচাষি	প্রকল্প কার্যালয়	প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, জেলা/উপজেলা ভিত্তিক পাটচাষি প্রশিক্ষণের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন, প্রশিক্ষণার্থীর হাজিরা এবং ছবিসহ প্রতিবেদন
	[৪.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক বিভিন্ন বিষয় এবং এপিএ- এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ইন-হাউজ প্রশিক্ষণ/কর্মশালা	প্রশাসন অনুবিভাগ ও প্রশাসন অধিশাখা	প্রশিক্ষণ সূচি, নোটিশ, হাজিরা ও ছবিসহ মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন
[৫.১] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সভা/ সেমিনার আয়োজন	[৫.১.১] আয়োজিত সভা/সেমিনার/ স্টেকহোল্ডার সভা	প্রশাসন/পাট অনুবিভাগ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসন	নোটিশ, হাজিরা ও ছবিসহ মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন	উচ্চ ফলনশীল জাতের ভিত্তি ও প্রত্যাশিত পাটবীজ সংগ্রহ ও বিতরণ	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সভা, পত্র আদান-প্রদান, ফোনালাপ ও সাক্ষাতকার
প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ প্রাপ্ত পাটচাষি	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	সভা, পত্র আদান-প্রদান, ফোনালাপ ও সাক্ষাতকার
পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০, এবং বিধিমালা, ২০১৩ এর প্রয়োগ ও বাস্তবায়ন	পরিচালিত মোবাইল কোর্ট	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং জেলা/উপজেলা প্রশাসন	সভা, পত্র আদান-প্রদান, ফোনালাপ ও সাক্ষাতকার

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ